# Sanatan Dharma

---

**মহামৃত্যুঞ্জয় মন্ত্র পাঠের উপকারিতা**

"মহামৃত্যুঞ্জয় মন্ত্র"
মহামৃত্যুঞ্জয় মন্ত্র হল ভগবান শিবকে উৎসর্গীকৃত একটি শক্তিশালী বৈদিক মন্ত্র, যা 'ত্র্যম্বকম মন্ত্র' নামেও পরিচিত, যার মূলমন্ত্র হল ওঁ ত্র্যম্বকম যজামহে সুগন্ধিং পুষ্টিবর্ধনম্। উর্বারুকমিব বন্ধনান্ মৃত্যোর্মুক্ষীয় মামৃতাৎ।।।
এই মন্ত্রের অর্থ হলো, "হে তিন নয়ন বিশিষ্ট ভগবান শিব, আমরা আপনার পূজা করি, যিনি সুগন্ধি এবং পুষ্টি প্রদান করেন। তিনি আমাদের সমস্ত বন্ধন (জাগতিক আসক্তি ও মৃত্যু) থেকে মুক্ত করে অমৃতত্বের দিকে নিয়ে যান"।
এটি স্বাস্থ্য, দীর্ঘায়ু, সমৃদ্ধি ও মোক্ষ লাভের জন্য জপ করা হয় এবং ঋগ্বেদে ও মার্কণ্ডেয় পুরাণে এর উল্লেখ পাওয়া যায়।

মহামৃত্যুঞ্জয় মন্ত্র পাঠের উপকারিতা :------------
১. নিয়মিত মহামৃত্যুঞ্জয় মন্ত্র জপ করলে মনের সব রকম ভয় ধীরে ধীরে দূর হয়। সাহস ও আত্মবিশ্বাস বাড়ে।
২. বিশ্বাস করা হয়, ভক্তি ও নিয়ম মেনে এই মন্ত্র পাঠ করলে অকালমৃত্যু ও বড় দুর্ঘটনার আশঙ্কা থেকে মহাদেব রক্ষা করেন।
৩. যাঁদের কালসর্প দোষ রয়েছে, তাঁদের ক্ষেত্রে এই মন্ত্র জপ করলে তার কুপ্রভাব অনেকটাই কমে আসে।
৪. মন দিয়ে মহামৃত্যুঞ্জয় মন্ত্র জপ করলে একাগ্রতা বাড়ে। পড়াশোনা, কাজকর্ম ও জীবনের নানা ক্ষেত্রে উন্নতি দেখা যায়।
৫. এই মন্ত্র জপ শরীর ও মনের ওপরও ভালো প্রভাব ফেলে। অনেক সময় রোগব্যাধি ও মানসিক অশান্তি থেকেও রক্ষা পাওয়া যায়।

এবার জেনে নিই এই মন্ত্র কিভাবে পাঠ করতে হয়?
মহামৃত্যুঞ্জয় মন্ত্র পাঠ করার কিছু নিয়ম আছে। এই নিয়মগুলো মন দিয়ে মেনে জপ করলে ভালো ফল পাওয়া যায় এবং মনের ইচ্ছাও পূরণ হতে পারে। তাই নিয়মগুলো জেনে নেওয়া খুব জরুরি।
১. সূর্য ওঠার আগে, অর্থাৎ ভোরবেলা (ব্রাহ্ম মুহূর্তে) এই মন্ত্র জপ করা সবচেয়ে ভালো। আপনি চাইলে দিনের অন্য সময়ও পাঠ করতে।
২. মন্ত্র জপের আগে স্নান করতে হবে। তারপর পরিষ্কার ও সাদা বা হালকা রঙের কাপড় পরতে হবে।
৩. মন্ত্র জপ করার সময় মেঝেতে কুশের আসন বা পরিষ্কার কাপড় পেতে তার ওপর বসতে হবে। বসার সময় পা মুড়ে পদ্মাসনে বসাই সবচেয়ে উত্তম।
৪. আপনার সামনে একটি শিবমূর্তি বা শিবলিঙ্গ রাখুন। তার সামনে একটি প্রদীপ জ্বালিয়ে মহাদেবের পাশে রাখুন।
৫. হাতে একটি রুদ্রাক্ষের মালা নিন। মালা হাতে নিয়ে শান্ত মনে ১০৮ বার মহামৃত্যুঞ্জয় মন্ত্র জপ করুন। জপ করার সময় মন যেন অন্যদিকে না যায়, শুধু মহাদেবকে স্মরণ করে এক মনে মন্ত্র জপ করুন।
৬. মন্ত্র জপ চলাকালীন উঠে যাওয়া যাবে না। মাঝখানে কথা বলা বা কাউকে সাড়া

দেওয়াও ঠিক নয়।

৭. মন্ত্র পাঠ শেষ হলে দেবাদিদেব মহাদেবকে প্রণাম করুন। এরপর মনে মনে নিজের সব ইচ্ছা ও কষ্ট তাঁর কাছে জানান। তারপর ব্যবহৃত সব জিনিস পরিষ্কার করে পবিত্র জায়গায় রেখে দিন।